



মার্চ, ২০২৩ মাসে অনুষ্ঠিত ব্রাহ্মণবাড়িয়া জেলা চৌরাচালান মামলা মনিটরিং কমিটির মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ শাহগীর আলম জেলা ম্যাজিস্ট্রেট
সভার তারিখ	১২ মার্চ, ২০২৩ খ্রি.
সভার সময়	সকাল ১০:৩০ টা
স্থান	সম্মেলন কক্ষ, জেলাপ্রশাসকের কার্যালয়
উপস্থিতি	পরিশিষ্ট - 'ক'

সভাপতি জেলা চৌরাচালান মামলা মনিটরিং কমিটির উপস্থিত সম্মানিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়া বিগত ফেব্রুয়ারি, ২০২৩ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। কোনো সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃষ্টিকরণ করা হয়। অতঃপর বিজ্ঞ পি.পি.(ভারপ্রাপ্ত), ব্রাহ্মণবাড়িয়া কর্তৃক প্রেরিত ফেব্রুয়ারি, ২০২৩ মাসের বিচারাধীন চৌরাচালান মামলার মাসিক বিবরণী নিম্নরূপে সভায় উপস্থাপন করা হয়ঃ

ফেব্রুয়ারি, ২০২৩ মাসের বিচারাধীন চৌরাচালান মামলার বিবরণীঃ

গত মাসের জের	বিবেচ্য মাসে বিচারের নিমিত্ত আগত নতুন মামলার সংখ্যা	বিবেচ্য মাসে বিচারাধীন মোট মামলার সংখ্যা	নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা				অনিষ্পন্ন মামলার সংখ্যা
			খালাস	সাজা/ জরিমানা	অন্যভাবে নিষ্পত্তি	মোট	
১	২	৩	৪	৫	৬	৭	৮
৪৫০৯	২০	৪৫২৯	০১	-	-	০১	৪৫২৮

উপর্যুক্ত বিবরণী পর্যালোচনায় দেখা যায়, পূর্ববর্তী জানুয়ারি, ২০২৩ মাসের অনিষ্পন্ন মামলার সংখ্যা ছিল ৪৫০৯টি। বিবেচ্য ফেব্রুয়ারি, ২০২৩ মাসে ০১টি মামলা খালাস প্রদানের মাধ্যমে নিষ্পত্তি হয়। মাস শেষে অনিষ্পন্ন মামলার সংখ্যা ৪৫২৮টি।

সভাপতি অনিষ্পন্ন ৪৫২৮টি মামলার পূর্ণাঙ্গ তথ্য (বর্তমানে কোন পর্যায়ে রয়েছে) প্রস্তুতপূর্বক পরবর্তী সভায় উপস্থাপনের জন্য এবং অনিষ্পন্ন মামলাগুলো দ্রুত নিষ্পত্তি করার জন্য বিজ্ঞ পি.পি. (ভারপ্রাপ্ত), ব্রাহ্মণবাড়িয়া-এর দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়াও তিনি যথাসময়ে প্রয়োজনীয় প্রস্তুতিসহ আদালতে সাক্ষী উপস্থাপনের বিষয়ে গুরুত্ব আরোপ করেন।

০১। সিদ্ধান্তঃ চৌরাচালান সংক্রান্ত মামলাসমূহের পূর্ণাঙ্গ তথ্য বিজ্ঞ সহকারী কৌশলী কর্তৃক প্রস্তুতপূর্বক বিজ্ঞ পি.পি. (ভারপ্রাপ্ত) এবং এপিপিগণ কর্তৃক সরকার পক্ষে জোরালো পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নকারীঃ বিজ্ঞ পি.পি. (ভারপ্রাপ্ত) এবং সংশ্লিষ্ট সকল এ.পি.পি., ব্রাহ্মণবাড়িয়া।

০২। সিদ্ধান্তঃ খালাসের আদেশ হওয়া মামলাসমূহের দ্রুত আপীল দায়ের করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিচারাধীন মামলাসমূহের সাক্ষী যথাযথভাবে প্রস্তুতপূর্বক বিজ্ঞ আদালতে উপস্থাপনের উদ্যোগ গ্রহণের বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়।

বাস্তবায়নকারীঃ বিজ্ঞ পি.পি. (ভারপ্রাপ্ত) এবং সংশ্লিষ্ট সকল এ.পি.পি., ব্রাহ্মণবাড়িয়া।

০৩। সিদ্ধান্তঃ বিজ্ঞ পি.পি.(ভারপ্রাপ্ত), ব্রাহ্মণবাড়িয়া কর্তৃক পূর্ববর্তী মাসে নিষ্পত্তিকৃত মামলার তথ্য আগামী সভায় উপস্থাপনের অনুরোধের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নকারীঃ বিজ্ঞ পি.পি. (ভারপ্রাপ্ত), ব্রাহ্মণবাড়িয়া।

০৪। সিদ্ধান্তঃ মামলা দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে মামলার শুনানীর ধার্য তারিখে সাক্ষীর উপস্থিতি নিশ্চিত করার জন্য সাক্ষীর সমন জারি নিশ্চিত করার এবং সাক্ষীর সংখ্যা কমানোর অনুরোধের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নকারীঃ ১. পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া; এবং ২. বিজ্ঞ পি.পি. (ভারপ্রাপ্ত), ব্রাহ্মণবাড়িয়া।

০৫। সিদ্ধান্তঃ ১. দীর্ঘদিন যাবৎ ব্রাহ্মণবাড়িয়া জেলার চলমান চৌরাচালান ও মাদক মামলাসমূহের কার্যকরী ও দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে জেলা প্রশাসন, পুলিশ

বিভাগসহ সংশ্লিষ্ট সকলের সমন্বয়ে সভা আয়োজনের; সভায় বিজ্ঞ জেলা জজ ও বিজ্ঞ চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়া'র প্রতিনিধি প্রেরণ এবং কোর্ট ইমপেক্টরের উপস্থিতি নিশ্চিতকরণের অনুরোধের সিদ্ধান্ত গৃহীত হয়।

২. পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া কর্তৃক চলমান চৌরচালান ও মাদক মামলার নির্ভুল তথ্য প্রদানের অনুরোধের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নকারীঃ বিজ্ঞ জেলা জজ, ব্রাহ্মণবাড়িয়া; পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া; বিজ্ঞ চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়া; অধিনায়ক, ২৫ বিজিবি, সরাইল/৬০ বিজিবি, সুলতানপুর, ব্রাহ্মণবাড়িয়া; কোম্পানী কোমান্ডার, র্‌যাব-৯, হবিগঞ্জ, সিলেট; বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়া; উপ কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট বিভাগ, ব্রাহ্মণবাড়িয়া সদর/আখাউড়া, ব্রাহ্মণবাড়িয়া; সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া; অফিসার ইন-চার্জ, আখাউড়া রেলওয়ে থানা, ব্রাহ্মণবাড়িয়া; কোর্ট ইমপেক্টর, ব্রাহ্মণবাড়িয়া সদর, ব্রাহ্মণবাড়িয়া

সভাপতি আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ শাহগীর আলম
জেলা ম্যাজিস্ট্রেট

স্মারক নম্বর: ০৫.৪২.১২০০.০১৪.১৬.০১৫.২২.৪৭৭

তারিখ: ২৯ ফাল্গুন ১৪২৯

১৪ মার্চ ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২) বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম
- ৩) পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া
- ৪) অধিনায়ক, ২৫ বিজিবি, সরাইল/৬০ বিজিবি, সুলতানপুর, ব্রাহ্মণবাড়িয়া
- ৫) বিজ্ঞ পি.পি.(ভারপ্রাপ্ত), ব্রাহ্মণবাড়িয়া
- ৬) উপকমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, ব্রাহ্মণবাড়িয়া সদর/আখাউড়া, ব্রাহ্মণবাড়িয়া
- ৭) প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, জেলা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া।(কার্যবিবরণী টি ওয়েবপোর্টালে আপলোডের অনুরোধসহ)
- ৮) সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া
- ৯) জনাব, সদস্য, জেলা চৌরচালান মামলা মনিটরিং কমিটি, ব্রাহ্মণবাড়িয়া

মোঃ শাহগীর আলম
জেলা ম্যাজিস্ট্রেট